



ধানমন্ডিতে ল্যাবএইডের সামনে বাসে আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিস



সংগৃহীত ছবি

রাজধানীর ধানমন্ডির ল্যাবএইড হাসপাতালের সামনের সড়কে একটি বাসে হঠাৎ আগুন লাগে সোমবার (১০ নভেম্বর) রাত সাড়ে ৭টার দিকে। মুহূর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়লে এলাকাজুড়ে আতঙ্ক সৃষ্টি হয়।

সংবাদ পেয়ে মোহাম্মদপুর ফায়ার স্টেশন থেকে ফায়ার সার্ভিসের দুটি দল ঘটনাস্থলে পৌঁছে দ্রুত আগুন নিয়ন্ত্রণে আনে। তাদের প্রাথমিক ধারণা, আগুনের সূত্রপাতের কারণ এখনো স্পষ্ট নয়।

ফায়ার সার্ভিসের কর্মকর্তা খালেদা ইয়াসমিন জানান, ঘটনাস্থলে ইউনিট পাঠানো হয়েছে এবং আগুন পুরোপুরি নিয়ন্ত্রণে এসেছে। তবে বাসটি চলন্ত ছিল নাকি পার্ক করে রাখা ছিল, বা এতে যাত্রী ছিল কিনা— তা তদন্ত চলছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, কয়েকজন তরুণ ওই এলাকার পাশ দিয়ে যাওয়ার সময় হঠাৎ বাসটিতে আগুন ধরে যায়। এটি ইচ্ছাকৃতভাবে লাগানো হয়েছে নাকি কোনো যান্ত্রিক ত্রুটির কারণে, তা নিশ্চিত করতে তদন্ত শুরু করেছে ফায়ার সার্ভিস।

এ ঘটনায় কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। ফায়ার সার্ভিস ও পুলিশ ঘটনাস্থলে থেকে পরিস্থিতি পর্যবেক্ষণ করছে।

এর আগে একই দিনে ভোরে মেরুল বাড্ডা ও শাহজাদপুর এলাকায় দুটি বাসে আগুন লাগার ঘটনাও ঘটে।